## নির্বাচনি পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন-২০২০

বিষয় কোড: ১৪৬

## দশম শ্রেণি

## বিষয়ঃ হিসাববিজ্ঞান (সৃজনশীল)

**সময়: ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান: ৭০**

**[বিঃদ্রঃ ক বিভাগের দুটি এবং খ বিভাগ হতে যেকোনো পাঁচটি প্রশ্নসহ সর্বমোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক । সকল প্রশ্নের মান সমান।]**

### ক-বিভাগ (আবশ্যিক)

১। নির্ঝর এন্ড কোং -এর ৩০ জুন , ২০১৯ তারিখের রেওয়ামিলটি নিম্নরুপঃ

রেওয়ামিল
৩০ জুন, ২০১৯

| ক্রমিক নং | হিসাবের নাম | খঃ পৃঃ | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| ১. | বিক্রয় খতিয়ানের জের | | ১,৪২,০০০ | |
| ২. | ভাড়া ($\frac{১}{২}$ কারখানা) | | ৪৮,০০০ | |
| ৩. | ক্রয় খতিয়ানের জের | | | ৭০,০০০ |
| ৪. | প্রদেয় বিল | | | ২০,০০০ |
| ৫. | নগদ তহবিল | | ১,১০,০০০ | |
| ৬. | উত্তোলন | | ৫০,০০০ | |
| ৭. | বিক্রয় | | | ৪,৮০,০০০ |
| ৮. | মূলধন | | | ২,৫০,০০০ |
| ৯. | মজুদ মনিহারি (০১.০৭.২০১৮) | | ১০,০০০ | |
| ১০. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৪০,০০০ | |
| ১১. | মনিহারি ক্রয় | | ৫,০০০ | |
| ১২. | ক্রয় | | ৩,২০,০০০ | |
| ১৩. | কলকব্জা | | ৯৫,০০০ | |
| | | | ৮,২০,০০০ | ৮,২০,০০০ |

**সমন্বয়সমূহ ঃ** ১. ক্যাশ বাক্সে ৩,২০০ টাকা ঘাটতি আছে যা সমন্বয় করতে হবে ;
২. মূলধনের উপর ৫% এবং উত্তোলনের উপর ৬% সুদ ধরতে হবে;
৩. সমাপনী মজুদ পণ্য ৮৫,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে ;
৪. ১ জানুয়ারি ২০১৯ তারিখে মালিক কারবারে ২৫,০০০ টাকা অতিরিক্ত মূলধন স্বরুপ সরবরাহ করেন ।

(ক) মূলধনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) নির্ঝর এন্ড কোং-এর বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪
(গ) নির্ঝর এন্ড কোং-এর মালিকানা স্বত্ব বিবরণী প্রস্তুত কর। ৪

২। সাবিক ট্রেডার্সের ২০১৯ সালের রেওয়ামিলটি নিম্নরূপ ঃ

সাবিক ট্রেডার্স-এর
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৯

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| ১. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৭০,০০০ | |
| ২. | ক্রয় ও বিক্রয় | | ২,৫০,০০০ | ৩,৮০,০০০ |
| ৩. | বিক্রয় ফেরত | | ১০,০০০ | |
| ৪. | ক্রয় ফেরত | | | ১২,০০০ |
| ৫. | মূলধন | | | ২,৯২,০০০ |
| ৬. | উত্তোলন | | ৫০,০০০ | |
| ৭. | বিবিধ দেনাদার ও বিবিধ পাওনাদার | | ২,২০,০০০ | ৭০,০০০ |
| ৮. | হাতে নগদ | | ৮০,০০০ | |
| ৯. | আসবাবপত্র | | ৯৬,০০০ | |
| ১০. | মজুরি | | ৯,০০০ | |
| ১১. | ক্রয় পরিবহন | | ৮,০০০ | |
| ১২. | বেতন | | ৪৬,০০০ | |
| ১৩. | ভাড়া (১ /৫ অংশ মালিকের নিজস্ব) | | ৩৫,০০০ | |
| ১৪. | ৫% ঋণ | | | ১,১৪,০০০ |
| ১৫. | উপভাড়া (তিন চতুর্থাংশ) | | | ৬,০০০ |
| | | | ৮,৭৪,০০০ | ৮,৭৪,০০০ |

অন্যান্য তথ্যাদি ঃ ১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ৫৫,০০০ টাকায় মূল্যায়ন করা হয়;
২. আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য কর ;
৩. এক বছরের ঋণের সুদ বকেয়া আছে ;
৪. মজুরি ৩,০০০ টাকা বকেয়া আছে।
৫. দেনাদারের ৬,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট দেনাদারের ৫.৫০% কু-ঋণ সঞ্চিতি রাখতে হবে এবং ২%বাট্টা সঞ্চিতি ধরতে হবে।

(ক) বছর শেষে সাবিক ট্রেডার্সের আসবাবপত্রের নিট মূল্য নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত তথ্যাদির আলোকে সাবিক ট্রেডার্সের মোট লাভ ১,৬০,০০০ টাকা ধরে নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

(গ) ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সাবিক ট্রেডার্সের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

## খ-বিভাগ

৩। জনাব হিমেল ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ২,৬০,০০০ টাকা, ৫০,০০০ টাকার আসবাবপত্র ও ৪০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ ঃ

| ২০১৮ ইং | | | |
|---|---|---|---|
| জানুঃ | ০৩ | অফিস ভাড়া পরিশোধ | ১২,০০০ টাকা |
| ” | ০৭ | নগদে পণ্য ক্রয় | ১৫,০০০ টাকা |
| ” | ১৫ | কমিশন প্রাপ্তি | ৬,৫০০ টাকা |
| ” | ২২ | আসবাবপত্রের অবচয় ধার্য করা হল | ২,৫০০ টাকা |
| ” | ২৮ | আসবাবপত্র ক্রয় | ২৫,০০০ টাকা |
| ” | ৩১ | ধারে পণ্য বিক্রয় | ৩৫,০০০ টাকা |

ক. জানুয়ারি ১ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দেখাও। ২

খ. মাস শেষে জনাব হিমেলের মালিকানা স্বত্বের পরিমাণ কত? ৪

গ. বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর উপরোক্ত লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

৪। জনাব জামিল ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৮০,০০০ টাকা, ৫০,০০০ টাকা মূল্যের যন্ত্রপাতি এবং ২৫,০০০ টাকা ব্যাংক উদ্বৃত্ত নিয়ে ব্যবসায় শুরু করেন।

| | | |
|---|---|---|
| জানু. | ৩ | নগদে ও ধারে পণ্য বিক্রয় যথাক্রমে ১৫,৫০০ টাকা ও ১৮,৫০০ টাকা। |
| ” | ৬ | পুরাতন যন্ত্রপাতি বিক্রয় ৮,৫০০ টাকা। |
| ” | ১০ | বিক্রয় ফেরত ৩,২০০ টাকা। |
| ” | ১৫ | দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৬,৮০০ টাকা। |
| ” | ২৪ | যন্ত্রপাতির মেরামত খরচ ১,৫০০ টাকা। |
| ” | ৩০ | অনাদায়ী পাওনা লেখা হলো ১,২০০ টাকা। |

(ক) মাসের শেষে জনাব জামিলের নগদ তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত লেনদেনগুলো অবলম্বনে জনাব জামিলের বইতে ‘যন্ত্রপাতি হিসাব’ ও ‘বিক্রয় হিসাব’ প্রস্তুত কর। (T- ছকে ) ৪

(গ) খতিয়ানের আধুনিক ছকে ‘দেনাদার হিসাব ’ ও ‘মূলধন হিসাব’ প্রস্তুত কর। ৪

৫। জনাব সাব্বিরের ব্যবসায়ের ২০১৮ সালের মার্চ মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে;

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | নতুন মেশিন ক্রয় ৬০,০০০ টাকা |
| ” | ২ | নতুন মেশিন সংস্থাপন ব্যয় ৬,০০০ |
| ” | ৪ | ব্যবসায় স্থানান্তর ব্যয় ১৮,০০০ টাকা। |
| ” | ৮ | পুরাতন কম্পিউটার মেরামত ব্যয় ৩,৫০০ টাকা। |
| ” | ১২ | বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় ২৬,০০০ টাকা |
| ” | ১৪ | বিদ্যুৎ বিল পরিশোধ ১,৪০০ টাকা । |
| ” | ১৬ | বিজ্ঞাপন খরচ প্রদান (৩ বছরের জন্য) ২৭,০০০ টাকা। |
| ” | ২০ | নতুন ক্রীত মেশিন মেরামত ব্যয় ৪,৫০০ টাকা । |

ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ১ তারিখে কৃত মেশিন ৯০,০০০ টাকা বিক্রয় করা হলে, মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৬। মেসার্স মাসুদ অ্যান্ড সন্স দেশের বিভিন্ন স্থানে পাইকারিতে পণ্য বিক্রয়কারী একটি প্রতিষ্ঠান। তাদের বিক্রয় সংক্রান্ত কয়েকটি লেনদেন নিম্নরূপঃ
২০১৮

মার্চ -১ কুমিল্লার সাজ্জাদ ট্রেডার্সের নিকট বিক্রয়: প্রতি কেজি ১৫০ টাকা দরে ২৪৫ কেজি গুঁড়ো দুধ, প্রতি কৌটা ৬৫ টাকা দরে ১০ ডজন দুধের কৌটা এবং প্রতি টিন ৪১০ টাকা দরে ১০ টিন বিস্কুট। চালান নম্বর - ৪০১, কারবারি বাট্টা ১০%।

মার্চ- ১৭ রাজশাহীর জামিল অ্যান্ড কোং-এর নিকট বিক্রয়: প্রতি ডজন ১৮,০০০ টাকা দরে ৩ ডজন দুধের টিন এবং প্রতিটি ১৫,০০০ টাকা দরে ৫০টি বাটার অয়েলের টিন। ৩৫০ টাকা প্যাকিং খরচ এবং ২০০ টাকা বিমা খরচ ধরা হয়েছে। কারবারি বাট্টা ১০% চালান নং- ৪১০।

মার্চ-২৮ বরিশালের জেড কর্পোরেশনের নিকট বিক্রয়: ১৬০ কেজি সুজি, প্রতি কেজি ১০০ টাকা দরে। ১৮৫ কৌটা হরলিক্স, প্রতি কৌটা ২২০ টাকা দরে। এ প্রেক্ষিতে তাদের নিকট ৪২৫ নং চালান প্রেরণ করা হলো। চালানে ৫০০ টাকা প্যাকিং খরচ ধরা হয়েছে।

ক. মার্চ-১,২০১৮ তারিখে লেনদেনটির জন্য একটি চালান প্রস্তুত কর। ২

খ. উপর্যুক্ত লেনদেন নিয়ে মেসার্স মাসুদ অ্যান্ড সন্সের বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. মেসার্স মাসুদ অ্যান্ড সন্সের লেনদেনগুলোর ভিত্তিতে সহকারী খতিয়ান প্রস্তুত কর। ৪

৭। ২০১৯ সালের জুন মাসে জনাব সুজন এর ব্যবসায় নিম্নোক্ত লেনদেন সংঘটিত হয়েছেঃ

| | | |
|---|---|---|
| জুন | ০১ | নগদ উদ্বৃত্ত ৭৫,০০০ টাকা এবং ব্যাংক জমার ক্রেডিট উদ্বৃত্ত ১৫,০০০ টাকা। |
| ” | ০৪ | জবার নিকট ১০% বাট্টায় ৩৫,০০০ টাকার পণ্য বিক্রয় করে ১৫,০০০ টাকার চেক পাওয়া গেল। |
| ” | ০৫ | ব্যাংকে জমা দেওয়া হলো ৫৫,০০০ টাকা। |
| ” | ০৮ | মালিক ব্যক্তিগত প্রয়োজনে ব্যবসা হতে ২,৫০০ টাকার পণ্য বিক্রয়মূল্যে উত্তোলন করলেন। |
| ” | ১২ | ৫% বাট্টায় পণ্য ক্রয় ১৬,০০০ টাকা। |
| ” | ২০ | জবার চেকটি প্রত্যাখ্যাত হলো। |
| ” | ২২ | বেতন ১০,০০০ টাকা নগদে এবং ১২,০০০ টাকা ভাড়া চেকে প্রদান করা হলো। |
| ” | ২৫ | প্রদেয় বিলের ৪,০০০ টাকা ব্যাংক মারফত প্রদান। |
| ” | ৩০ | ব্যাংক চার্জ ধার্য করল ৩০০ টাকা। |
| ” | ৩১ | ব্যাংক উদ্বৃত্ত ৫,০০০ টাকা রেখে অবশিষ্ট টাকা উত্তোলন করা হলো। |

ক. যে সকল লেনদেন নগদান বইতে অন্তর্ভূক্ত হবে না, তার জাবেদা দাও। ২

খ. নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত ঘর বিশিষ্ট একটি নগদান বই প্রস্তুত কর। ৪

৮। মেসার্স জসীম ট্রেডার্সের ২০১৯ সালের মে মাসের ঘটনাগুলো নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| মে | ১ | নগদ তহবিল ৬০,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ১০,০০০ টাকা। |
| ” | ৪ | ব্যাংকে জমা দেয়া হলো ৭,০০০ টাকা। |
| ” | ৮ | ১৫,০০০ টাকার পণ্য ক্রয় করে ১০,০০০ টাকা প্রদান করা হলো। |
| ” | ১৪ | মালিকের ছেলের স্কুলের বেতন নিজ তহবিল থেকে প্রদান ১২,০০০ টাকা। |
| ” | ১৭ | কামালের নিকট হতে ১৬,০০০ টাকা পূর্ণ নিস্পত্তিতে নগদে ৬,০০০ টাকা এবং ৯,৫০০ টাকার চেক পাওয়া গেল। |
| ” | ২০ | ব্যাংক থেকে উত্তোলন ৫,০০০ টাকা। |
| ” | ২৫ | জামালের নিকট দেনা ১০,০০০ টাকা পূর্ণ নিস্পত্তি সাপেক্ষে নগদ ৯,৬০০ টাকা দেয়া হলো। |
| ” | ৩০ | ধার্যকৃত চার্জ ২৫০ টাকা এবং মঞ্জুরীকৃত সুদ ১৫০ টাকা। |
| ” | ৩১ | নগদ উদ্বৃত্ত ৪,০০০ টাকা রেখে অবশিষ্ট টাকা ব্যাংকে জমা দেয়া হলো। |

(ক) যে সমস্ত লেনদেন নগদান বইতে লিপিবদ্ধ হবে না তার জাবেদা দাখিলা দাও। ২

(খ) ১, ৪, ৮ ৩০ এবং ৩১ তারিখের লেনদেনসমূহ দুইঘরা নগদান বইতে লিপিবদ্ধ কর। ৪

(গ) ১, ১৭, ২০, ২৫ এবং ৩১ তারিখের লেনদেনসমূহ নিয়ে তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৯। কালাম এন্টারপ্রাইজের হিসাব সহকারী নিম্নোক্ত রেওয়ামিলটি তৈরি করেছে:

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৯

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| ১. | প্রারম্ভিক মজুদ পণ্য | | | ৪০,০০০ |
| ২. | সমন্বিত ক্রয় | | | ৭০,০০০ |
| ৩. | প্রারম্ভিক ব্যাংক উদ্বৃত্ত | | ৫০,০০০ | |
| ৪. | বিক্রয় | | ১,৫০,০০০ | |
| ৫. | বিক্রয় ফেরত | | | ১০,০০০ |
| ৬. | বিক্রয় বাট্টা | | ১০,০০০ | |
| ৭. | সমাপনী মজুদ পণ্য | | | ৩০,০০০ |
| ৮. | হাতে নগদ (১/১/২০১৯) | | ২০,০০০ | |
| ৯. | জাহাজ ভাড়া | | ২০,০০০ | |
| ১০. | শুল্ক | | | ২০,০০০ |
| ১১. | কুলির মজুরি | | ১৫,০০০ | |
| ১২. | সাধারণ খরচ | | | ৫,০০০ |
| ১৩. | বীমা প্রিমিয়াম | | ১০,০০০ | |
| ১৪. | কুঋণ | | | ১০,০০০ |
| ১৫. | আয়কর | | ৩০,০০০ | |
| ১৬. | শিক্ষানবিশ সেলামি | | ৪০,০০০ | |
| ১৭. | মূলধন | | | ১,৮০,০০০ |
| ১৮. | দেনাদার | | | ৬০,০০০ |
| ১৯. | নগদ তহবিল (৩১.১২.২০১৯) | | ৮০,০০০ | |
| | মোট | | ৪,২৫,০০০ | ৪,২৫,০০০ |

(ক) ব্যবসায়ে মোট চলতি সম্পদের পরিমাণ কত? ২

(খ) কালাম এন্টারপ্রাইজের রেওয়ামিলটি শুদ্ধ করে প্রস্তুত কর। ৪

(গ) উক্ত ব্যবসায়ে মোট প্রত্যক্ষ খরচের পরিমাণ কত? ৪

১০। কাকলি ম্যানুফ্যাকচারিং কোম্পানি লিঃ- এর ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের নিম্নোক্ত তথ্যাদি বিদ্যমানঃ
তৈরি পণ্য (প্রারম্ভিক) ১৫,০০০ টাকা; তৈরি পণ্য (সমাপনী) ১০,০০০ টাকা; চলতি কার্য (০১.০১.১৯) ৫,৫০০ টাকা; চলতি কার্য ৩১.১২.১৯) ৩,৯০০ টাকা; প্রারম্ভিক কাঁচামাল ১৮,০০০ টাকা; কাঁচামাল ক্রয় ৭০,০০০ টাকা; সমাপনী কাঁচামাল ৮,০০০ টাকা; প্রত্যক্ষ মজুরি ৪০,০০০ টাকা; প্রত্যক্ষ খরচ ৭,৫০০ টাকা; কারখানা ভাড়া ১২,০০০ টাকা; মেরামত ৪,৫০০ টাকা; পরোক্ষ কাঁচামাল ৪,০০০ টাকা; যন্ত্রপাতির অবচয় ৬,০০০ টাকা; অফিস ভাড়া ১০,০০০ টাকা; মনিহারি ২,৫০০ টাকা; বিক্রয়কর্মীর কমিশন ১২,০০০ টাকা; কুঋণ ২,২০০ টাকা এবং বিক্রয় ৩,৪০,০০০ টাকা।

(ক) মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) কারখানা ব্যয়, উৎপাদিত পণ্যের ব্যয় ও বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) আয় বিবরণী তৈরি করে নিট লাভ বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

১১। জনাব তন্ময় একজন চিকিৎসক। তিনি চাকরির পাশাপাশি প্রাইভেট প্র্যাকটিসের মাধ্যমে অর্থ উপার্জন করে থাকেন। ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে তার প্রাপ্তি ও প্রদান হিসাব ছিল নিম্নরূপঃ

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (১.১.১৮) | ৫০,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৫০,০০০ |
| ব্যাংকে জমা (১.১.১৮) | ৪০,০০০ | শেয়ারে বিনিয়োগ | ৭০,০০০ |
| বেতন থেকে আয় | ২,০০,০০০ | ড্রাইভারের বেতন | ৪০,০০০ |
| প্রাইভেট প্র্যাকটিস থেকে | ১,৬০,০০০ | গাড়ি মেরামত | ৩০,০০০ |
| বাড়িভাড়া থেকে প্রাপ্তি | ৬০,০০০ | পড়াশোনা খরচ | ৩০,০০০ |
| | | শিক্ষকের বেতন | ৩২,০০০ |
| | | কম্পিউটার ক্রয় | ৫৫,০০০ |
| | | চিকিৎসা খরচ | ১০,০০০ |
| | | মাছ, মাংস ও ডিম | ১৫,০০০ |
| | | বিদ্যুৎ ও জ্বালানি খরচ | ১৪,০০০ |
| | | উপহার ক্রয় | ৮,০০০ |
| | | চেয়ার, টেবিল ক্রয় | ৩০,০০০ |
| | | হাতে নগদ | ১,২৬,০০০ |
| | ৫,১০,০০০ | | ৫,১০,০০০ |

**০১.০১.২০১৮ তারিখে তার সম্পদ ও দায় ছিল নিম্নরূপঃ**
আসবাবপত্র ৪৫,০০০ টাকা, যন্ত্রপাতি ২৫,০০০ টাকা, প্রদেয় হিসাব ৩৫,০০০ টাকা।
**অন্যান্য তথ্যঃ**
(১) ড্রাইভারের বেতন বকেয়া রয়েছে ৮,০০০ টাকা (২) প্রাপ্ত ভাড়ার ৫,০০০ টাকা পূর্ববর্তী বছরের এবং ৪,৫০০ টাকা চলতি বছরের বকেয়া।
(ক) জনাব তন্ময়-এর চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) জনাব তন্ময় - এর পরিবারের আয় উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় কর। ৪
(গ) সমাপ্ত বছরে জনাব তন্ময় -এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪